

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইসিটি শাখা
ভূমি মন্ত্রণালয়
www.minland.gov.bd

নথি নং-৩১.০০.০০০০.৭৫.০০৬.০১২.১৪-৩৬

তারিখঃ ২৯/০৫/২০১৬ইং


বিষয়ঃ জনপ্রশাসনে উদ্ভাবনী চর্চাঃ করণীয় ও অগ্রগতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i প্রোগ্রামের যৌথ উদ্যোগে গত ২৭-০৪-২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারের সচিবগণের উপস্থিতিতে পর্যালোচনা সভায় আপনার দপ্তর/সংস্থার জন্য প্রযোজ্য নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়।

- গ) মন্ত্রণালয় অধিদপ্তরসমূহ ও মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম এর সাথে আলোচনা সাপেক্ষে স্ব স্ব অধিক্ষেত্রে নিয়মিতভারে বিভিন্ন বিষয়ের উপর ইনোভেশন সার্কেল ও সোশ্যাল মিডিয়া সংলাপ আয়োজন করবে। সার্কেল ও সংলাপে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও জনগণকে কানেক্ট করা হবে।
- ঘ) অ। সকল মন্ত্রণালয় ও অধিদপ্তরসমূহ উদ্ভাবন-চর্চা এবং উদ্ভাবন উদ্যোগসমূহের জন্য স্ব স্ব অধিক্ষেত্র দুই দিনব্যাপী উদ্ভাবন প্রশিক্ষণ কর্মশালা আয়োজন নিশ্চিত করবে। এ লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের সাথে মন্ত্রণালয় ও দপ্তরসমূহ যোগাযোগ করবে।
আ। প্রতিটি মন্ত্রণালয় ও অধিদপ্তর তাদের প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে নিয়মিত কোর্সের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক (যেমনঃ ই-ফাইল, ই-সেবা, পোর্টাল, ডিজিটাল সেন্টার, ইত্যাদি) এবং নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক টপিক অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করবে। এ ব্যাপারে এটুআই প্রোগ্রাম প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতা ও পরামর্শ প্রদান করার পাশাপাশি প্রয়োজনীয় প্রশিক্ষক-প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করবে।
- ঙ) মন্ত্রণালয়/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে। বার্ষিক কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হবে এবং নিজ ওয়েবসাইটে আপলোড করা হবে। মন্ত্রণালয়ের ইনোভেশন টীমের চীফ ইনোভেশন অফিসার এবং অধিদপ্তরের ইনোভেশন অফিসারকে এ কাজের জন্য সচিব ও মহাপরিচালকগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- চ) অ। এটুআই প্রোগ্রাম সমন্বয়ের মাধ্যমে সকল মন্ত্রণালয়/ অধিদপ্তরসমূহে চলমান উদ্ভাবনচর্চা ও উদ্ভাবনী উদ্যোগ সমূহের অগ্রগতি পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রস্তুত করবে।
আ। মাঠ পর্যায়ে সম্পন্ন উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহের সম্ভাব্যতা যাচাই/বাছাই এবং পর্যালোচনার মাধ্যমে বৃহত্তর পরিসরে রোলআউটের জন্য এটুআই প্রোগ্রাম সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরসমূহের সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- ছ) নাগরিকের দোরগোড়ায় সরকারি তথ্য ও সেবা নিশ্চিত করতে প্রতিটি মন্ত্রণালয় ও অধিদপ্তর নিজ অধিক্ষেত্রে অন্ততঃ একটি সেবা/তথ্য আগামী ২ মাসের মধ্যে নিশ্চিত করবে এবং ডিজিটাল সেন্টার থেকে সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- জ) অ। সর্বস্তরে ই-ফাইলিং চালু করার জন্য সকল মন্ত্রণালয় স্ব স্ব অধিক্ষেত্রে পুনরায় নির্দেশনা প্রদান করবে।
আ। মন্ত্রণালয় / অধিদপ্তরসমূহ নাগরিক বান্ধব সেবা প্রদানের লক্ষ্যে সিটিজেন চার্টার ও সেবা প্রোফাইলের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব অধিক্ষেত্রে অন্ততঃ একটি সেবা সহজীকরণ এবং একটি ই-সেবা প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
ই। মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রাম এ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা এবং কারিগরি সহায়তা প্রদান করবে।

- ঝ) প্রতিটি মন্ত্রণালয়ে ও অধিদপ্তর তাদের অধিনস্থ দপ্তর সংস্থায় নিয়মিতভাবে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদের জন্য পুণরায় নির্দেশনা প্রদান করবে। এটুআই প্রোগ্রাম এ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবে।
- ঞ) সকল মন্ত্রণালয় ও অধিদপ্তর এ সভায় গৃহীত সুপারিশসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্ম স্ব স্ব অধিক্ষেত্রে উদ্যোগ গ্রহণ, মনিটরিং ও ফলো-আপ করবে এবং পরবর্তী সভায় এর অগ্রগতি পর্যালোচনা করবে।

২। উক্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।



(মোঃ ইলিয়াস হোসেন)
প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়
ফোনঃ ৯৫৪০১৭৫

programmer@minland.gov.bd

বিতরণঃ

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব / অতিরিক্ত সচিব (আইন), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত, কাটাবন, ঢাকা।
- ৭। উপসচিব (সকল) / উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব (সকল) / সিনিয়র সহকারী প্রধান (সকল), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সহকারী সচিব (সকল) / সহকারী প্রধান (সকল), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ২। যুগ্ম সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।